গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
ddaechapai@gmail.com

স্মারক নং-১২.১৭.০০৭০.০৩৯.১৯.০০০.২৫.৩২৩৩(৬)

তারিখঃ ২১/১২/২০২৫ খ্রি:

বিষয়ঃ ঘন কুয়াশা ও শৈত প্রবাহ থেকে ফসল রক্ষার্থে করনীয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলাসহ দেশের উত্তরাঞ্চলে শৈত্য প্রবাহ বিরাজমান। উক্ত শৈত্য প্রবাহের করেনে তীব্র শীত জেঁকে বসেছে, তাপমাত্রা কমে যাচ্ছে, ঘন কুয়াশা দেখা যাচ্ছে এবং সূর্যের দেখা মিলছেনা। শৈত্যপ্রবাহ ও ঘনকুয়াশার কারনে ফসলের উপর কোন বিরূপ প্রভাব পড়ে কিনা এ ব্যাপারে মাঠ পর্যায়ে সর্তক দৃষ্টি রাখা ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা একান্ত প্রয়োজন। এ ব্যাপারে নিম্নলিখিত পরামর্শ প্রদান করা হলো:

১। বোরো ধানের বীজের অঙ্কুরোদগম ও চারার বৃদ্ধিতে নিম্ন তাপমাত্রার প্রভাব কমিয়ে আনার জন্য বীজতলা দিনের বেলা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন এবং বিকেলে তা সরিয়ে ফেলুন। এছাড়াও রাতের বেলা সেচ দিয়ে খুব ভোরে পানি সরিয়ে ফেলে ঠান্ডা আবহাওয়ায় চারার বৃদ্ধি ত্বরান্বিত করা যায়।

২। বর্তমান আবহাওয়ায় বোরো ধানে থ্রিপস পোকার আক্রমণ দেখা দিতে পারে। আক্রমণের মাত্রা ২৫% এর বেশি হলে প্রতি লিটার পানিতে ২ গ্রাম ম্যালাথিয়ন মিশিয়ে স্প্রে করুন। ২৫% এর কম হলে কৃষিতাত্বিক ব্যাবস্থাপনা চালিয়ে যেতে হবে।

৩। বর্তমান আবহাওয়ায় সরিষার অলটারনারিয়া ব্লাইট রোগ দেখা দিতে পারে। প্রতি লিটার পানিতে ২ গ্রাম রোভরাল ৫ ডব্লিউপি মিশিয়ে ১০-১২ দিন পর পর ৩ থেকে ৪ বার স্প্রে করুন।

৪। আলুর নাবী ধ্বসা রোগ থেকে রক্ষার জন্য মাঠ পর্যবেক্ষণ করুন। কুয়াশাময় আবহাওয়া দীর্ঘায়িত হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।

৫। ঠান্ডাজনিত ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য ফল গাছে নিয়মিত হালকা সেচ প্রদান করুন। কচি ফল গাছ ঠান্ডা হাওয়া থেকে রক্ষার জন্য খড়/পলিথিন শীট/চটের ব্যাগ দিয়ে ঢেকে দিন।

উপরোক্ত পরামর্শ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

২১/১২/২৫
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন-০২৫৮৮৮-৯২০৩৪

প্রাপক
উপজেলা কৃষি অফিসার,
সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট,
চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।